384

ভোরের কাগজ

তারিখ ... JAN 12 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ২

## জনপত্র

সবাই ছাত্র রাজনীতি বন্ধের কথা বলে। অথচ আমাদের স্বাধীনতা থেকে শুরু করে সকল বৃহৎ অর্জনের ক্ষেত্রে. ছাত্র রাজনীতির ভূমিকাই মুখ্য। ছাত্র রাজনীতি বন্ধ না করে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ছাত্রদের যোগাযোগ ছিন্ন করাটাই কি যুক্তিসঙ্গত নয়?

সিরাজ
১৩, পিন্নু হোস্টেল
রংপুর মেডিকেল কলেজ।

### শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রসঙ্গে

সন্ত্রাস কথাটি শুনলেই মানুষের মনে ভীতির সঞ্চার হয়। আর শিক্ষাঙ্গনের সন্ত্রাস সেতো আরো ভয়াবহ। দেশের প্রতিটি শিক্ষাঙ্গনে এক শ্রেণীর নীতি বিবর্জিত অসৎ ছাত্র আপন মতবাদ এবং ইচ্ছা প্রচার ও প্রসারে শিক্ষাঙ্গনে অস্ত্রের ঝনঝনানি প্রদর্শন করে শক্তির মহড়ায় লিপ্ত। ফলে শিক্ষার পরিবেশ হচ্ছে কলুষিত, কোমলমতি শিক্ষার্থীরা তথা জাতির ভবিষ্যৎ কর্ণধাররা হচ্ছে বিপদগামী। গোটা জাতি হয়ে পড়েছে মেধাশূন্য।

অন্যান্য কলেজের মতো আজ রাঙ্গুনিয়া কলেজে ছাত্ররাজনীতি নামে সন্ত্রাস চলছে। এই রাঙ্গুনিয়া কলেজে এক সময় ছাত্রদের গণতন্ত্র অধিকার ছিল। নামধারী কতোগুলো সন্ত্রাসী এই কলেজকে জিম্মি করে রেখেছে। কলেজে ছাত্রদের পাশাপাশি শিক্ষকরাও এই সন্ত্রাসীদের কাছে জিম্মি। কলেজে ছাত্রসংসদ দেওয়া হয় মূলত শিক্ষার্থীদের সুযোগ সুবিধার জন্য। এই ছাত্রসংসদ ও তাদের কথামতো চলে। গত বছর নভেম্বর মাসে বৌদ্ধের এক অনুষ্ঠানে হঠাৎ করে সামান্য ভুলের কারণে নতুন ইংরেজি প্রভাষক স্বরাজ বড়ুয়ার উপর হামলা চালায়। বর্তমানে তিনি চট্টগ্রাম মেডিকেলে চিকিৎসাধীন আছেন। এভাবে তারা নানাবিদ অপকর্ম চালিয়ে যাচ্ছে।

এ অবস্থায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিনীত অনুরোধ করছি।

শামু
রাঙ্গুনিয়া কলেজ
চট্টগ্রাম।